

৩৫



16

**প্রসঙ্গ : সরকারী অনুদানের টাকা**

সরকারী, আধা-সরকারী ও ব্যক্তিগত/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদেরকে ইদ উৎসব ভাতা প্রদান করা হলেও বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষকগণ এ সুযোগ থেকে সম্পূর্ণভাবে বঞ্চিত। বর ও সীমিত আয়ের শিক্ষকগণের একমাত্র ভরসা হচ্ছে সরকারী অনুদানের টাকা। কিন্তু বড়ই দুঃখ ও পরিতাপের বিষয় এই যে, পবিত্র ইদুল আযহা উপলক্ষে বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের জুন মাসের অনুদানের টাকা ইদের পূর্বে প্রদানের সরকারী নির্দেশ থাকা সত্ত্বেও শিক্ষকগণ তাঁদের অনুদানের টাকা যথাসময়ে পাননি। তাই তাঁদেরকে দুঃখভারাক্রান্ত হৃদয়ের একগুচ্ছ হতাশা নিয়ে সংশ্লিষ্ট ব্যাংক থেকে ফিরে আসতে হয়েছে।

অর্ধচ বিগত ১২/৭/৮৯ইং তারিখের দৈনিক ইত্তেফাক পত্রিকার মাধ্যমে শিক্ষকদেরকে পরামর্শ প্রদান করা হয়েছে সংশ্লিষ্ট ব্যাংকের সাথে যোগাযোগ করার জন্য। কিন্তু সংশ্লিষ্ট ব্যাংকের সাথে যোগাযোগ করা হলে সংশ্লিষ্ট ব্যাংকের পক্ষ থেকে বলা হয়েছে তাদের কাছে চেক এসে পৌঁছায়নি। এখন প্রশ্ন হচ্ছে এই খামখেয়ালী কার, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের না ব্যাংকের? আর কেনইবা শিক্ষকগণ তাঁদের পরিবার-পরিজন নিয়ে ইদের যথাযথ আনন্দ উপভোগ থেকে বঞ্চিত হবেন?

অতএব, আগামীতে যাতে শিক্ষকগণ জাতীয় উৎসব বা ধর্মীয় উৎসবের দিনে তাঁদের যথার্থ পাওনা থেকে বঞ্চিত না হন, সে জন্যে সদাশয় সরকারের কৃপাদৃষ্টি কামনা করি।

এম এম হান্নান  
বারইগাম  
খালোমুখ বাজার  
সিলেট-৩১০৮।